

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থানঃ সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ-৩), পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ ও.এন. সিদ্দিকা খানম, অতিরিক্ত সচিব
ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

- ১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।
- ২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ০৮/০৬/২০১৬ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যপত্র অনুযায়ী সভায় বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও এর বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- ৩.০ মোবাইল অ্যাপস সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
সভাপতি পরিকল্পনা বিভাগের আইডিয়া বক্স স্থাপন করা হয়েছে কি না জানতে চাইলে আইসিটি সেলের সদস্য জানায় যে আইডিয়া বক্স অনলাইনে তৈরি করা হয়েছে।	আইডিয়া বক্স সম্পর্কে মাননীয় পরিকল্পনা মন্ত্রিসহ সকলকে মোবাইলে SMS এর মাধ্যমে জানাতে হবে।	উপসচিব (সাধারণ-১) পরিকল্পনা বিভাগ ও সহকারী প্রোগ্রামার আইসিটি শাখা পরিকল্পনা বিভাগ।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪.০ বিবিধঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১) ই-নথি ব্যবস্থাপনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সকলকে ই-নথি ব্যবস্থাপনায় নথি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।	(১) পরিকল্পনা বিভাগ এবং কমিশনের সকল শাখায়/অধিশাখায় এবং উইং এ ই-নথি ব্যবস্থাপনা ব্যবহার করে অনলাইনের মাধ্যমে নথি উপস্থাপন চালু করতে হবে। তিন দিনের মধ্যে সকলকে password দিতে হবে।	পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী
(২) গত ২৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের যে সকল বিভাগ হতে মতামত পাওয়া যায়নি সভাপতি সে সকল বিভাগ হতে তাঁদের মতামত সংগ্রহের নির্দেশনা দিয়েছেন।	(২) প্রকল্পের DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের যে সকল বিভাগ হতে মতামত পাওয়া যায়নি সে সকল বিভাগ হতে তাঁদের মতামত সংগ্রহ করতে হবে। এবং পরবর্তী সভায় প্রাপ্ত মতামত নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে।	উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।
আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(৩) আঞ্জুলের ছাপের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীগণের অফিস উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়টি পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনে চালু করার যায় কিনা তিনি এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।	(৩) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতি আঞ্জুলের ছাপের মাধ্যমে নিশ্চিতকরণের আপাতত প্রয়োজন নেই।	চীফ ইনোভেশন অফিসার পরিকল্পনা বিভাগ। এবং সমন্বয় অধিশাখা
(৪) ECNEC – এর যে সকল প্রোজেক্ট পাস হয় তা জিও জারীর পর website দেওয়ার ব্যবস্থা করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(৪) ECNEC – এর যে সকল প্রোজেক্ট পাস হয় তা জিও জারীর পর website প্রকাশ করতে হবে।	এনইসি-একনেক ও আইসিটি সেল পরিকল্পনা বিভাগ

৫.০১ অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

A


(ও. এন. সিদ্দিকা খানম)
অতিরিক্ত সচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ